# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 28-02-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী বলেছেন সুস্থ্য মা একটি স্বাস্থ্যবান পরিবারের মূল ভিত্তি। তিনি আজ রাজস্থানের আজমেঢ়ে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে দেশব্যাপী HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করেছেন।

২/ আজ দেশ জুড়ে জাতীয় বিজ্ঞান দিবস উদযাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, গবেষণা, উদ্ভাবন ও বিজ্ঞানের প্রতি অনুসন্ধিৎসার জন্যই দেশ আজ এগিয়ে চলেছে।

৩/ পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR-এ, অসম্পূর্ণ চূড়ান্ত তালিকা, ধাপে ধাপে প্রকাশিত হচ্ছে।

৪/ ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী, ইরানে ইজরায়েলী সেনাবাহিনীর অভিযান চালানোর বিষয়টি নিশ্চিত করেছেন। ইজরায়েলে বসবাসকারী ভারতীয়দের সর্বদা সতর্ক থাকার পরামর্শ দিয়েছে বিদেশ মন্ত্রক .

৫/ পুরুষদের T-20 বিশ্বকাপ ক্রিকেটে আজ গ্রুপ বি- রং ম্যাচে পাকিস্তান শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থান সফরকালে আজমেঢ়ে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী 'হিউম্যান প্যাপিলোমা ভাইরাস'- HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পাচ কিশোরীকে টিকা দেওয়া হয়েছে। এদের সঙ্গে পরে প্রধানমন্ত্রী মতবিনিময় করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সে রাজ্যর মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা। কেন্দ্রের 'সুস্থ নারী সুস্থ পরিবার' কর্মসূচী আরো প্রসারিত করার লক্ষ্যে সরকারের দায়বদ্ধতার প্রতিফলন এই টিকাকরণ। এর অঙ্গ হিসেবে প্রতি বছর দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৪ বছর বয়সী ১ কোটি ১৫ লক্ষ কিশোরীকে এই টীকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন, সুস্থ মা একটি স্বাস্থ্যবান পরিবারের মূল ভিত্তি।

বাইট

সমস্ত স্বীকৃত সরকারী স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে এই টিকা দেওয়া হবে। এছাড়াও আয়ুষ্মান আরোগ্য মন্দির, কমিউনিটি হেলথ সেন্টার, জেলা সদর হাসপাতাল, সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতালেও বিনামূল্যে টীকা দেওয়া হবে। এই টীকাকরণ হবে সম্পূর্ণ স্বেচ্ছাকৃত। ভ্যাকসিন দেওয়ার আগে বাবা মা কিংবা অভিভাবকের অনুমতি নেওয়া হবে।

উল্লেখ্য, সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্তের নিরিখে ভারত বর্তমানে বিশ্বের মধ্যে দ্বিতীয় স্থানে। প্রতি বছর দেশে ৮০ হাজার সার্ভাইকাল ক্যান্সার আক্রান্ত রোগীর সন্ধান মেলে। যার মধ্যে ৪২ হাজারের বেশি মৃত্যু হয়।

----------------

রাজস্থানে প্রধানমন্ত্রী, বিভিন্ন সরকারী দপ্তর ও সংগঠনে নতুন চাকরী পাওয়া ২১ হাজার ৮শোর'ও বেশী কর্মপ্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেন তিনি। এই অনুষ্ঠানে শ্রী মোদী, ১৬ হাজার কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর পর এক জনসভাতে ভাষণ দেন তিনি ।

বাইট

রাজস্থান থেকে শ্রী মোদী যাবেন গুজরাটে। সেখানে তিনি সানন্দে মাইক্রোন সেমিকন্ডাক্টর টেকনোলজি ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি, টেস্ট ও প্যাকেজিং ATMP ফেসিলিটির উদ্বোধন করবেন। সাড়ে ২২ হাজার কোটি টাকা ব্যায়ে এই সানন্দ ATMP ফেসিলিটি গড়ে তোলা হয়েছে। সেখানেও শ্রী মোদী একটি জনসভায় বক্তব্য রাখবেন। কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো'ও ওই অনুষ্ঠানে যোগ দেবেন।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের উন্নয়নে ও বিশ্ব কল্যাণে যুব সম্প্রদায়ের ক্ষমতায়ন, গবেষণা ব্যবস্থাপনাকে শক্তিশালী করা এবং প্রযুক্তি ও বিজ্ঞানচর্চা বৃদ্ধির বিষয়ে সরকারের সংকল্প পুনরব্যক্ত করেছেন। জাতীয় বিজ্ঞান দিবসে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, গবেষণা, উদ্ভাবন ও বিজ্ঞানের প্রতি অনুসন্ধিৎসার জন্যই দেশ আজ এগিয়ে চলেছে। নোবেল জয়ী পদার্থ বিজ্ঞানী চন্দ্র শেখর ভেঙ্কট রমন ১৯২৮ সালের ২৮ শে ফেব্রুয়ারি রমন এফেক্ট আবিষ্কার করেন। সেই আবিষ্কারের স্মরণে জাতীয় বিজ্ঞান দিবস হিসেবে দিনটি পালিত হয়ে থাকে।

এ বছরের বিজ্ঞান দিবসের মূল ভাবনা- বিজ্ঞানে মহিলাদের অবদান, বিকশিত ভারতের অনুঘটক।উন্নত দেশ গঠনে বিজ্ঞান জগতে মহিলা গবেষক ও বিজ্ঞানীদের উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতির ওপর আলোকপাত করাই এর লক্ষ্য। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক আজ এই উপলক্ষে বিজ্ঞান ভবনে জাতীয় স্তরের এক আলোচনা সভার আয়োজন করেছে। এ ছাড়াও দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহও জাতীয় বিজ্ঞান দিবসে , বিজ্ঞানী ও গবেষকদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেছেন, বৈজ্ঞানিক সমাজের নিরলস অনুসন্ধিৎসা , আগামী দিনে জাতির পথ প্রদর্শনে সহায়ক হবে। এই বিজ্ঞান দিবস, উদ্ভাবন ও উন্নয়নের পথ প্রশস্ত করে দেশের বিকাশে গুরুত্বপূর্ণ অবদান জোগাবে বলেও উল্লেখ করেন শ্রী শাহ।

----------------

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ডিআরডিও ওড়িশার চাদিপুর উপকূলে ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে স্বল্প দূরত্বের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা VSHORADS র তিনটি পরীক্ষা সম্পন্ন করেছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, এই পরীক্ষা করা হয়েছে,VSHORADS ক্ষেপণাস্ত্র ব্যবস্থার ক্ষমতা যাচাই করার উদ্দেশ্যে। এই পরীক্ষায় উচ্চ গতি সম্পন্ন লক্ষ্যবস্তুকে ধ্বংস করতে এই পরীক্ষা সফল হয়েছে।

----------------

দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের  পূর্বাভাস দেওয়ার প্রক্রিয়ায় কিছু রদবদল করা হয়েছে।

বর্তমান মূল ভিত্তিটি এই সিরিজের নবম। সাধারণত তথ্য ব্যবস্থাপনায় বড় ধরনের পরিবরতন হলে পরিমার্জন করা হয়, কিন্তু এই তথ্য ভান্ডার শক্তিশালী হওয়ার সঙ্গে সঙ্গে এর প্রভাব হ্রাস পায়।

ভারতে, সাম্প্রতিক সংশোধনগুলি সাধারণত প্রায় ২ থেকে ৪ শতাংশের মধ্যে সীমাবদ্ধ। আইএমএফ-এর ৫৬টি দেশের বিশ্লেষণে দেখা গেছে যে সংশোধনগুলি নেতিবাচক দিক থেকে ৩০ শতাংশ থেকে ৭০ শতাংশেরও বেশি। মূলত, উদীয়মান অর্থনীতিতে বড়োসড় পরিবর্তন দেখা গেছে।

ভারতের অভিজ্ঞতা এই প্রবণতার সাথে সামঞ্জস্যপূর্ণ। সংশোধনীতে নতুন তথ্য উৎস যুক্ত করা হয়েছে, যেখানে কাঠামোগত অর্থনৈতিক পরিবর্তনগুলিকে আরও ভালভাবে বিবেচনা করা হয়েছে। এ ক্ষেত্রে আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য রেখে তথ্যগুলি যুক্ত করা হয়েছে।

-----------------

রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা, ধাপে ধাপে প্রকাশ শুরু হয়েছে। অনলাইনে প্রকাশিত হওয়ার আগেই অফলাইনে BLO মারফত তালিকা জন সমক্ষে এসেছে। জেলায় জেলায় টাঙানো হচ্ছে নামের তালিকা। নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটেও তালিকা দেখতে পাওয়া যাচ্ছে। ECI নেট অ্যাপেও ভোটার তালিকা মিলবে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় যেসব ভোটদাতার নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে, তাদের নাম'ও তালিকায় যুক্ত রয়েছে। তাদের নামের পাশে **অ্যাজুডিকেশন** শব্দবন্ধ উল্লেখ রয়েছে। যাদের নাম বাদ দেওয়া হচ্ছে, তাদের নামের পাশেও উল্লিখিত রয়েছে **ডিলিট** শব্দটি।

এছাড়া **নতুন ভোটার** হিসেবে যারা অন্তর্ভূক্ত হচ্ছেন, তাদের নাম আলাদা একটি তালিকায় থাকছে।

----------------

ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই, গতকাল থেকে রাজ্যে আসতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনী। সীমান্ত লাগোয়া জেলাগুলির একাধিক এলাকায় রুট মার্চ শুরু করেছে তারা। আগামীকালের মধ্যেই মোট ২৪০ কোম্পানি আধা সামরিক বাহিনী মোতায়েন করা হবে।

**উত্তর ২৪ পরগণার** ভারত বাংলাদেশ সীমান্তবর্তী স্বরূপ নগরে আজ সকাল থেকে কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চ শুরু হয়েছে। সঙ্গে রয়েছে স্বরূপনগর থানার পুলিশ। সাধারণ মানুষের সঙ্গে কথাও বলছেন তারা। বাগদার আসারু এবং বনগাঁ শহরেও টহল দিচ্ছে বাহিনী। নদীয়ার তাহেরপুর থানার বীরনগরে'ও গতকাল কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছেছে।

উল্লেখ্য, ১০'ই মার্চের মধ্যে দফায় দফায় আরো ২৪০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌঁছবে।

রাজ্যে ৪১ হাজার ৪০০ বুথকে ভালনারেবল বা অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে প্রায় ৬ হাজার ৮০০ বুথ অতিসংবেদনশীল। সর্বাধিক ১৪ কোম্পানি বাহিনী পাঠানো হচ্ছে পূর্ব মেদিনীপুরে। কলকাতা ও মালদহে থাকছে ১২ কোম্পানি করে।

----------------

ইজরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইজরায়েল কাৎজ,ইরানে ইজরায়েল সেনাবাহিনী অভিযান চালানোর বিষয়টি নিশ্চিত করেছে এবং সেদেশে জরুরী অবস্থা ঘোষণা করা

হয়েছে বলে জানিয়েছেন।এক সংবাদ সংস্থার রিপোর্ট অনুযায়ী ইরানের রাজধানী তেহেরান শহরে কেন্দ্রস্থলে বিমান হানা চালানো হয়েছে। বোমার আঘাতে শহরের বিভিন্ন অঞ্চল থেকে ধোঁয়া দেখা যাচ্ছে। ইরান সংবাদ মাধ্যম সূত্রে জানা গেছে,ইরানে শীর্ষ নেতা আয়াতোল্লা আলি খামেনির দপ্তরের কাছে বিমান হামলা চালানো হয় এবং তিনটি বোমা বিস্ফোরণ হয়। ইরান ইতিমধ্যেই তাদের আকাশসীমা বন্ধ করা হয়েছে।মোবাইল পরিষেবা ব্যাহত হয়েছে। ইজরায়েলের সেনা অভিযানে ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। অপরদিকে ইরানের প্রতিঘাতের আশঙ্কায় ইজরায়েলে সতর্কতা জারী করা হয়েছে।

ইজরায়েলে বসবাসকারী ভারতীয়দের সর্বদা সতর্ক থাকার পরামর্শ দিয়েছে বিদেশ মন্ত্রক।

----------------

এদিকে, এই অঞ্চলে উদ্ভূত পরিস্থিততে ইজরায়েলে বসবাসকারী ভারতীয়দের সর্বদা সতর্ক থাকার পরামর্শ দিয়েছে বিদেশ মন্ত্রক। ইজরায়েলি কর্তৃপক্ষ এবং হোম ফ্রন্ট কম্যান্ডের সব নির্দেশিকা মেনে চলার কথাও বলেছে ইজরায়েলের ভারতীয় দূতাবাস।

যেকোনো আপৎকালীন অবস্থায় ভারতীয়রা তেল আভিবের দূতাবাসে যোগাযোগ করতে পারেন। ২৪ ঘন্টার হেল্পলাইন নম্বর হল ৯৭২৫৪৭৫২০৭১১। ইমেইল cons1.telaviv@mea.gov.in।

----------------

রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তনিও গুতারেজ, আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে চলা সংঘর্ষে গভীর উদ্বেগ প্রকাশ করে তা অবিলম্বে বন্ধের আহ্বান জানিয়েছেন।

গতকাল মহাসচিবের মুখপাত্র স্টেফানি ডুজারিক এক প্রেস বিবৃতিতে বলেন,সাধারণ নাগরিকদের উপর হিংসায় রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব উদ্বিগ্ন। তিনি দু'পক্ষের মধ্যে কূটনৈতিক আলাপ আলোচনার মধ্যে দিয়ে মতবিরোধ মিমাংসার উপর জোর দেন। রাষ্ট্রসঙ্ঘ, সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করে সাধারণ নাগরিকদের এবং নাগরিক পরিকাঠামো রক্ষায় সচেষ্ট হবে বলে তিনি জানান। আফগানিস্তানে ইতোমধ্যেই সংঘর্ষ, দারিদ্র্য, প্রাকৃতিক বিপর্যয় সহ অন্যান্য কারনে বহু মানুষের মৃত্যু হয়েছে। সে কারনে সেখানে অবিলম্বে মানবিক সহায়তার প্রয়োজন। মুখপাত্র জানান, রাষ্ট্রসঙ্ঘ এবং মানবিক সংগঠন গুলি বর্তমান পরিস্থিতির দিকে নজর রাখছে,যেকোন রকমের সহায়তার জন্য প্রস্তুত বলেও স্টেফানি ডুজারিক জানিয়েছেন।

-----------------

নেপালের নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ৫ই মার্চ প্রতিনিধি সভার অধীনে ভোটগ্রহণের চূড়ান্ত পর্যায়ের প্রস্তুতি সফলভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচন কমিশনের যুগ্ম সচিব এবং মুখপাত্র নারায়ণ প্রসাদ ভট্টরাই জানিয়েছেন, ব্যালট পেপার, ব্যালট বাক্স এবং অন্যান্য নির্বাচনী সরঞ্জাম ইতিমধ্যেই ৭৭টি জেলায় পৌঁছে দেওয়া হয়েছে। এরসঙ্গে , ৭৫৩টি স্থানীয় স্তরে ৬,৭৪৩টি ওয়ার্ডে ভোটার সচেতনতা কর্মসূচি চলছে। নির্বাচনের দায়িত্বে থাকা নিযুক্ত কর্মী এবং নিরাপত্তা বাহিনীর সদস্যরা ইতিমধ্যেই সংশ্লিষ্ট কেন্দ্রে যেতে শুরু করেছে।

----------------

আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপে, আজ, সুপার এইটের গ্রুপ বি-এর ম্যাচে, পাল্লেকেলে আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে পাকিস্তান, শ্রীলঙ্কার মুখোমুখি হবে। ম্যাচ শুরু হবে সন্ধ্যা ৭টায়।

কলম্বোর আর. প্রেমাদাসা স্টেডিয়ামে গত রাতে সুপার এইটের গ্রুপ বি-এর ম্যাচে ইংল্যান্ড নিউজিল্যান্ডকে ৪ উইকেটে পরাজিত করেছে। জয়ের জন্য ১৬০ রানের লক্ষ্য নিয়ে খেলতে নেমে ইংল্যান্ড ১৯ ওভার ৩ বলে ৬ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয় । ইংল্যান্ডের পক্ষে টম ব্যান্টন সর্বোচ্চ ৩৩ রান করেন এবং উইল জ্যাকস ৩২ রানে অপরাজিত থাকেন। নিউজিল্যান্ডের রচিন রবীন্দ্র ৩ উইকেট নেন।

ভারত আগামীকাল কলকাতার ইডেন গার্ডেনে তাদের শেষ সুপার এইটের লড়াইয়ে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে।

---------------- ----------------